গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

# জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ৩য় সভার কার্যবিবরণী, ২৮ অক্টোবর ২০১৯

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জিল্লুর রহমান চৌধুরী<br>যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ) |
| সভার তারিখ | ২৮ অক্টোবর ২০১৯ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | যুগ্মসচিব (প্রশাসন) এর অফিস কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব মোছাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। সভায় উল্লেখ করা হয় যে, সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ১৬ জন এবং প্রত্যেক দপ্তর/সংস্থা থেকে ২ জন করে মোট ৩০ জনের একটি টিমের ২ দিনের প্রশিক্ষণ গত ৯ ও ১০ অক্টোবর ২০১৯ তারিখে এ বিভাগের উদ্যোগে পেট্রোবাংলায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২টি ও দপ্তর/সংস্থার ৭টি মোট ৯টি সেবা সহজীকরণের আইডিয়া পাওয়া যায়। এর মধ্যে থেকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সেবা সহজীকরণের ১টি আইডিয়ার অফিস আদেশ জারি করা হয়। গত ২৯ আগস্ট ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার ৩.৭ নং সিদ্ধান্ত অনুসারে ইনোভেশন আইডিয়া সংগ্রহের জন্য এ বিভাগের প্রতিটি শাখায় গত ১১ সেপ্টেম্বর ২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হলেও কোন শাখা হতে ইনোভেশন আইডিয়া পাওয়া যায়নি। এ প্রেক্ষিতে সভাপতি ইনোভেশন আইডিয়া সংগ্রহের জন্য প্রতি শাখায় তাগিদ পত্র প্রেরণের নির্দেশ প্রদান করেন।

২.১ ২০১৯-২০ অর্থ বছরের নির্বাচিত ৪ টি উদ্ভাবনী উদ্দ্যোগ বাস্তবায়নের জন্য বিস্তারিত আলোচনা করা হয়। উদ্ভাবনীগুলো হল:

১। অনলাইনে প্রশিক্ষণ প্রতিবেদন দাখিল;
২। এ বিভাগের উন্নয়ন কার্যক্রম সম্বলিত ফটোগ্রাফ দিয়ে করিডোরের দেয়াল সজ্জিত করা;
৩। কর্মকর্তা/কর্মচারীদের (ক্যাডার ব্যতীত) সংক্ষিপ্ত পিডিএস তৈরি করা;
৪। সরকারি স্বার্থ সংরক্ষণে মামলা নিষ্পত্তি ত্বরান্বিতকরণের লক্ষ্যে নির্দিষ্ট ফরমেটে মামলার তালিকা তৈরি করা।

২.১.১ অনলাইনে প্রশিক্ষণ প্রতিবেদন দাখিল একটি ডিজিটাল সার্ভিস যেটা বাস্তবায়ন হলে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা প্রশিক্ষণের প্রতিবেদন যে কোন জায়গা থেকে জমা দিতে পারবে। এ কার্যাক্রম আগামী ৩০ জানুয়ারি ২০১৯ তারিখের মধ্যে বাস্তবায়নের জন্য সভায় মত প্রকাশ করা হয়।

২.১.২ "এ বিভাগের উন্নয়ন কার্যক্রম সম্বলিত ফটোগ্রাফ দিয়ে করিডোরের দেয়াল সজ্জিত করা-" এ বিষয়ে Ardent Marketing Communication Ltd এর সাথে যোগাযোগ করা হলে তারা এ বিভাগের করিডোর পরিদর্শন করে এবং দুটি কোটেশন দাখিল করে, যেটার একটিতে Interion Decoration, Video Wall (Indoor), এবং Vertical Display (2 pcs) বাবদ ৩৯,৪০,০০০ টাকা এবং অপরটিতে Interior

Decoration, LED Screen (Indoor) এবং Vertical Display (2 Pcs) বাবদ ২৬,৬৫,০০০ টাকা উল্লেখ করেন। প্রাইজ কোটেশন অত্যধিক হওয়ায় বিবেচনা করা হয়নি। এ বিষয়ে আরও যাচাই-বাছাইঅন্তে স্বল্প খরচে দেয়াল সজ্জিতকরণের বিষয়ে অভিমত ব্যক্ত করা হয়।

২.১.৩ "কর্মকর্তাদের সংক্ষিপ্ত বায়োডাটা ওয়েবসাইটে প্রকাশ" এ বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য সংক্ষিপ্ত পিডিএস তৈরি করে ওয়েব সাইটে প্রকাশের জন্য একটা ফরম সভায় উপস্থাপন করা হয়। সংক্ষিপ্ত পিডিএস ওয়েব সাইটে প্রকাশ না করার জন্য সভায় মত প্রকাশ করা হয়। অভ্যন্তরীণ প্রশাসনিক কাজের সুবিধার্থে কর্মকর্তা/কর্মচারীদের PDS প্রণয়ন করা যেতে পারে। এ প্রেক্ষিতে " কর্মকর্তাদের সংক্ষিপ্ত বায়োডাটা ওয়েবসাইটে প্রকাশ" এর পরিবর্তে "কর্মকর্তা/কর্মচারীদের সংক্ষিপ্ত PDS তৈরির (ক্যাডার ব্যতীত)" বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

২.১.৪ " সরকারি স্বার্থ সংরক্ষণে মামলা নিষ্পত্তি ত্বরান্বিতকরণের লক্ষ্যে নির্দিষ্ট ফরমেটে মামলার তালিকা তৈরি করা " এ বিষয়ে বিশদ আলোচনা হয়। আলোচনায় বলা হয় যে, এ প্রক্রিয়ায় মামলার তথ্য সংগ্রহ করা হলে প্রতিটি মামলার সার্বিক চিত্র উঠে আসবে। এ কারণে প্রস্তুতকৃত ফরমেট মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করে মতামত গ্রহণ করা যেতে পারে।

২.২ উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে এ বিভাগের সিস্টেম এনালিস্ট জানান যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ৪.২ কার্যক্রমে এ প্রশিক্ষণের বিষয়ে উল্লেখ আছে। সে প্রেক্ষিতে উপসচিব, বাজেট অধিশাখা বরাবর এ প্রশিক্ষণ আয়োজন করার জন্য ইউ.ও. নোট গত ১৬ অক্টোবর ২০১৯ তারিখে প্রেরণ করা হয়েছে।

২.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ৯.৩ কার্যক্রমে উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত ৬ জন কর্মকর্তাকে বিদেশে প্রশিক্ষণে প্রেরণের কথা উল্লেখ রয়েছে। এ প্রেক্ষিতে উক্ত ৬ জন কর্মকর্তাকে বিদেশে প্রশিক্ষণের প্রোয়জনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসচিব, বাজেট অধিশাখা বরাবর ইউ.ও. নোট গত ১৭ অক্টোবর ২০১৯ তারিখে প্রেরণ করা হয়েছে।

২.৪ উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার ৫.১ নং কার্যক্রমের উদ্ভাবনী ধারনা যাচাই-বাছাইপূর্বক একটি তালিকা নভেম্বর ৩, ২০১৯ তারিখের মধ্যে তথ্য বাতায়নে প্রকাশের কথা উল্লেখ আছে। আলোচনান্তে ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবনী আইডিয়ার ৩ নং উদ্ভাবনী আইডিয়া যথাযথ পরিবর্তন করে তথ্য বাতায়নে প্রকাশ করার বিষয়ে সভায় একমত পোষণ করেন।

২.৫ উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার ৯.২ নং কার্যক্রমে দেশের ভেতরে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের বিষয়ে উল্লেখ আছে। আলোচনান্তে জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্টিবিউশন সিস্টেম লিমিটেড, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড এ ইনোভেশন আইডিয়ার নলেজ শেয়ারিং করা যেতে পারে মর্মে মতামত প্রদান করা হয়। উক্ত কোম্পানীর সংশ্লিষ্ট ব্যক্তির সাথে আলাপ করে ভ্রমণের তারিখ নির্ধারণ করা যেতে পারে। সভাপতি এ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য পরামর্শ প্রদান করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| **ক্রম** | **বিবরণ** | **সিদ্ধান্ত বাস্তবায়নকারী** | **বাস্তবায়নের শেষ সময়** |
|---|---|---|---|
| ৩.১ | আগামী ১০ ডিসেম্বর ২০১৯ তারিখে ৪র্থ সভা আহবান করতে হবে | সদস্য সচিব | - |
| ৩.২ | ইনোভেশন আইডিয়া প্রেরণের জন্য এ বিভাগের প্রতিটি শাখায় তাগিদ পত্র প্রেরণ করতে হবে | সদস্য সচিব | ৯ ডিসেম্বর ২০১৯ |

| | | | |
|---|---|---|---|
| ৩.৩ | অনলাইনে প্রশিক্ষণ প্রতিবেদন দাখিল | প্রোগ্রামার | ৩০ জানুয়ারি ২০১৯ |
| ৩.৪ | এ বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম সম্বলিত ফটোগ্রাফ দিয়ে করিডোরের দেয়াল সজ্জিত করা | ইনোভেশন টিমের সদস্যগণ | - |
| ৩.৫ | কর্মকর্তা/কর্মচারীদের (ক্যাডার ব্যতীত) সংক্ষিপ্ত PDS তৈরি করতে হবে। | সিস্টেম এনালিস্ট | ফেব্রুয়ারি ২০২০ |
| ৩.৬ | "সরকারি স্বার্থ সংরক্ষণে মামলা নিষ্পত্তি ত্বরান্বিতকরণের লক্ষ্যে নির্দিষ্ট ফরমেটে মামলার তালিকা তৈরির ফরমেট" মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশা-২) কে প্রেরণ করতে হবে। | সিস্টেম এনালিস্ট | আগামী মাসিক সমন্বয় সভা |
| ৩.৭ | উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সদস্য সচিব | নভেম্বর ২০১৯ |
| ৩.৮ | উদ্ভাবনী কার্যক্রমের সাথে সম্পৃক্ত ৬ জন কর্মকর্তাকে বিদেশ প্রশিক্ষণে প্রেরণ করতে হবে। | চিফ ইনোভেশন অফিসার | - |
| ৩.৯ | উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত ৬ জন কর্মকর্তার দেশের অভ্যন্তরে নলেজ শেয়ারিং এর জন্য জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্টিবিউশন সিস্টেম লিমিটেড, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড এ প্রেরণ করতে হবে। | সদস্য সচিব | - |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জিল্লুর রহমান চৌধুরী
যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ)

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.২০৪

তারিখ: ২০ কার্তিক ১৪২৬
০৫ নভেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, ই-গভর্নেন্স-২ শাখা)
২) উপ-সচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) উপ-সচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) উপ-প্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৬) সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৭) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোছাম্মাৎ ফারহানা রহমান

উপ-সচিব